

হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বিবাহ, পরিবার ও দাম্পত্য জীবন রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আবুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১. বিবাহিতের ২ রাক'আত অবিবাহিতের ৭০ রাক'আত

ইসলামী জীবন ব্যবস্থার অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ পরিবার। পরিবার গঠন, পরিবারের সদস্যগণের পারস্পরিক দায়িত্ব, কর্তব্য, সহমর্মিতা, স্বামী স্ত্রীর পারস্পরিক দায়িত্ব, দাম্পত্য জীবনের আনন্দ ও তৃপ্তির ফযীলত ইত্যাদি সম্পর্কে রাসূলুল্লাহ (الله)-এর অনেক নির্দেশনা বিভিন্ন সহীহ হাদীস বর্ণিত হয়েছে। সেগুলোর পাশাপাশি অগণিত বানোয়াট, ভিত্তিহীন, জাল বা যয়ীফ কথা হাদীস নামে সমাজে প্রচলিত। সবচেয়ে বেশি অবাক হতে হয় যে, প্রসিদ্ধ হাদীসগ্রস্থগুলোর সহীহ হাদীস বাদ দিয়ে অগণিত সূত্র বিহীন বানোয়াট কথা আমরা বিভিন্ন গ্রন্থে লিখছি বা মুখে বলছি।

বইয়ের কলেবর বৃদ্ধি পাওয়ার কারণে বিভিন্ন বিষয়ে সহীহ হাদীসের উল্লেখ করা সম্ভব হচ্ছে না। শুধু সংক্ষেপে কিছু বানোয়াট কথা উল্লেখ করছি।

১. বিবাহিতের ২ রাক'আত অবিবাহিতের ৭০ রাক'আত প্রচলিত একটি জাল হাদীস:

رَكْعَتَانِ مِنَ الْمُتَزَوِّجِ أَفْضَلُ مِنْ سَبْعِيْنَ رَكْعَةً مِنَ الأَعْزَبِ

''অবিবাহিতের ৭০ রাক'আত অপেক্ষা বিবাহিতের দু রাক'আত উত্তম।''

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5033

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন